

সংক্ষিপ্ত পরিচিতি (২)

বহির্বিশ্বে বাংলাদেশ :

বর্তমানে বহির্বিশ্বে বিভিন্ন দেশে যে ভাবে বাংলাদেশী জনগণ বসবাস করছে তাতে স্পষ্টই প্রতীয়মান হয় যে বহির্বিশ্বে বিভিন্ন দেশে ক্ষুদ্র একটি বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়েছে। কোন কোন ক্ষেত্রে জনসংখ্যার দিক দিয়ে দেশের একটি জেলা বা উপজেলার জনগোষ্ঠীর সমান বাংলাদেশী জনগণ বসবাস করছে একটি নির্দিষ্ট এলাকায়। যেমন ইংল্যান্ড ইস্টলন্ডন, ম্যানচেস্টার, ইতালীর রোম, মিলান, ভেনিস, ভিসেন্সা, পালের্মো, আমেরিকার নিউইয়র্ক, কানাডার টরন্টো উলেখযোগ্য। এছাড়াও মধ্যপ্রাচ্যের অনেক শহরে লক্ষাধিক বাংলাদেশী একই শহরে বসবাস করছে। প্রবাসে বাংলাদেশী জনগণ তাদের স্ব স্ব প্রয়োজনে ও উদ্দেশ্যে স্থানীয় ভাবে তাদের সমস্যা নিরসনের বিভিন্ন সমিতি ও সংগঠন গড়ে তুলে তার মাধ্যমে প্রবাসী জনগণের সমস্যার সমাধানে সচেষ্ট রয়েছে। কিন্তু সেগুলোকে দেখাশোনা করার জন্য দূতাবাস সমূহের যথেষ্ট ভূমিকা নেই।

বর্তমান সরকার প্রবাসীদের উন্নয়নের লক্ষ্যে একটি মন্ত্রণালয় গঠন করেছে। মন্ত্রণালয়ের উদ্দেশ্যে প্রবাসীদের জন্য অনেক কর্মকান্ড চলছে। কিন্তু উলেখ্য যে এই কর্মকান্ড শুধু দেশের মধ্যে সীমাবদ্ধ থাকলেই চলবে না প্রবাসেও বাংলাদেশের দূতাবাস সমূহের মাধ্যমে স্থানীয় প্রবাসী জনগণের সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে।

উলেখিত বিষয়গুলোর আলোকে সরকারের কর্মকাণ্ডের পাশে সহযোগিতা এবং প্রবাসী জনগণকে তাদের হাজারো সমস্যায় তাদের পাশে দাড়ানোর লক্ষ্যে এবং বাংলাদেশের বেকারদের জন্য প্রবাসে আরো কর্মসংস্থানের ক্ষেত্র সৃষ্টির লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতির প্রতিষ্ঠা করা হয়েছে।

এই সংস্থা ইতি মধ্যে ইতালী, ইংল্যান্ড ও মালয়েশিয়া তার শাখা অফিস স্থাপন করে প্রবাসীদের কল্যাণে কাজ করে আসছে। ইতিমধ্যে এই সংস্থা ইউরোপীয় ইউনিয়ন ভুক্ত দেশ সমূহ আমেরিকা, কানাডা, অস্ট্রেলিয়া, জাপান, সাউথ কোরিয়া, মধ্যপ্রাচ্য সহ বিভিন্ন দেশে প্রবাসীদের সাথে যোগাযোগ ও প্রচারণা অব্যাহত রেখেছে।

বর্তমান কর্মকান্ড

বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি ২০০২ সালের ১০ই আগষ্ট একটি সাধারণ সভায় অনুমোদিত হয়ে ২৩/০৯/২০০২ তারিখে বাংলাদেশ কোম্পানী রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ আওতায় রেজিস্ট্রিভুক্ত একটি সংস্থা হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বীকৃত তার কার্যক্রম শুরু করেছে।

✳ বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি বাংলাদেশ হেড অফিসে প্রবাসীদের জন্য একটি সার্ভিস কার্ডিনার স্থাপন করেছে। যেখান থেকে প্রবাসী বিভিন্ন অভাব, অভিযোগ, সমস্যার কথা শোনা হয় ও প্রয়োজনী সহযোগিতা করা হয়ে থাকে একই সাথে বাংলাদেশী বৈদেশিক কর্ম প্রত্যাশীদের বিভিন্ন প্রকার তথ্য প্রদান ও সহযোগিতার ব্যবস্থা রয়েছে।

✳ বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি বাংলাদেশ থেকে ইতালী মুখী সকল শ্রমিকদের সুবিধার্থে একটি ইতালীয়ান ভাষা শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করেছে। ২০০২ থেকে এই কার্যক্রম চলছে।

✳ বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি বাংলাদেশ হতে প্রতি মাসে প্রবাসীদের সংবাদ নিয়ে একটি মাসিক পত্রিকা প্রকাশিত হয়।

আমন্ত্রণ

এই সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য সফল করতে হলে বহির্বিশ্বে সকল প্রবাসীদের সম্পৃক্ত হওয়া প্রয়োজন। তাই বহির্বিশ্বে বসবাসকারী সকল প্রবাসী ও বাংলাদেশে বসবাসকারী প্রবাসীদের পরিবার বর্গের প্রতি আমাদের এই সংগঠনের কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ জানাচ্ছি।

আমরা মনে করি সকলের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই প্রবাসীদের অধিকার ও সুযোগ সুবিধা নিশ্চিত করতে সক্ষম হব।